উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৬ (**ছত্রিশ**) তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
**তারিখ** : ১৩ মার্চ ২০২২ খ্রি.
**সময়** : বেলা ১১.০০ ঘটিকা
**সভার স্থান** : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট
**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা** : পরিশিষ্ট- ক
**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা** : পরিশিষ্ট- খ

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ফেব্রুয়ারি/২০২২ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩৪ এর জানুয়ারী/২২ ও ফেব্রুয়ারী/২২ মাসের নিয়মিত জ্বালানী বিল পরিশোধের নিমিত্ত ভ্যাট ও আইটিসহ মোট ৪১,৩০৬/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, জালানী বিল, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় গৃহীত "১২নং গোয়াইনঘাট সদর ইউনিয়ন গ্রাম আদালতের অস্থায়ী ভবন নির্মান" প্রকল্পের পরিবর্তে "১২নং গোয়াইনঘাট সদর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কম্পিউটার ও প্রিন্টার ক্রয়" স্কিম গ্রহণ ও পিআইসির মাধ্যমে বাস্তবায়ন এবং লেঙ্গুড়া ইউনিয়ন গ্রাম আদালতের অস্থায়ী কার্যালয় নির্মাণ" স্কিম ও "গোয়াইনঘাট সদর ইউনিয়নের শীব মন্দিরের ড্রেইন নির্মান" স্কিম পিআইসির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। তিনি সভাকে জানান নীতিমালা অনুযায়ী এক অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় | (ক-১) উপস্থাপিত সংশোধিত প্রস্তাব সভায় অনুমোদিত হয় এবং তা পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ক-২) নীতিমালা অনুযায়ী উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলীর দপ্তরে আনুষাঙ্গিক ০.৫% ব্যয়= | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | "উপজেলার বিভিন্ন উন্নয়নমুলক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রকৌশলীর দপ্তরে আনুষাঙ্গিক ০.৫% ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের বরাদ্দের ০.৫% বাবদ ৬৭০০০/- টাকার স্কিম গ্রহণের প্রস্তাব করেন। তিনি সভাকে জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ কমপ্লেক্সের সৌন্দর্য্য বর্ধন, আরসিসি রাস্তা, ইটসলিং রাস্তা, কমপ্লেক্সের ছাদে টিনের ছাউনি স্থাপন ও ড্রেইন নির্মান কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত কার্যক্রম চলমান। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, ইতোমধ্যে ইটসলিং রাস্তার কাজ বাস্তবায়ন করা হয়েছে তবে পার্শ্বে ড্রেইন না দেয়ায় ইটসলিং ক্ষতিগ্রস্থ হচ্ছে। | ৬৭০০০/-" স্কিম গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ক-৩) উপজেলা উপজেলা পরিষদ কমপ্লেক্সের সৌন্দর্য্য বর্ধন, আরসিসি রাস্তা, ইটসলিং রাস্তা, কমপ্লেক্সের ছাদে টিনের ছাউনি স্থাপন ও ড্রেইন নির্মান কাজের প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগের প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরাতম/যন্ত্রাংশ প্রতিস্থাপনের লক্ষ্যে মোটরযান পরিদর্শক বিআরটিএ, সিলেট কর্তৃক পরিদর্শন করা হয় এবং বিআরটিএ ২৮/০২/২০২২ খ্রি. তারিখের ১৯০নং স্মারকে উক্ত জীপ গাড়ি মেরামত/প্রতিস্থাপন করতে ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রয়োজন মর্মে প্রতিবেদন পাওয়া গেছে। সে মোতাবেক বাজার দর যাচাইয়ের লক্ষ্যে উক্ত গাড়ি মেরামত/প্রতিস্থাপনে স্থানীয় পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রদান করা হয় এবং বিজ্ঞপ্তি মোতাবেক ৩টি প্রতিষ্ঠান দরপত্র দাখিল করে। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক ১টি প্রতিষ্ঠানের দর ও গুণগত মান সন্তোষজনক হওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের প্রস্তাব করা হয়। তিনি জানান, বিধি মোতাবেক এক অর্থ বছরে সর্বোচ্ছ ০১(এক) লক্ষ টাকা পর্যন্ত ব্যয় করা যায়। অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ব্যবহৃত জীপ গাড়ি নং-ঘ-১১-০২৩৪ এর ইঞ্জিনের ক্ষয়প্রাপ্ত ও নষ্ট বিভিন্ন যন্ত্রাংশ মেরামত/প্রতিস্থাপন ও সংযোজনে ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয় নির্বাহে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (গ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে গৃহীত ও অনুমোদিত ৩টি স্কিমের মধ্যে নিম্নোক্ত ২টি স্কিমের কাজ যথাযথভাবে সমাপ্ত হয়েছে। তিনি জানান, এসকল কাজের বিল পরিশোধের লক্ষ্যে বরাদ্দ ছাড়করণে বিল ভাউচার স্থানীয় সরকার বিভাগের প্রেরণের নির্দেশনা রয়েছে। তিনি এসকল বিল ভাউচার সভায় অনুমোদনের প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, অবশিষ্ট প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করা জরুরী।<br><br>১) গোয়াইনঘাট উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ডেস্ক-বেঞ্চ (প্লাস্টিক) সরবরাহ= ১২,৪৮,১৮৮/- (ভ্যাট ও আইটিসহ)<br>২) গোয়াইনঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন ও মেডিকেল ইক্যুইপমেন্ট সরবরাহ= ১৭,০৩,১৭১/-(ভ্যাট ও আইটিসহ) | (গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে গৃহীত ও অনুমোদিত বর্ণিত স্কিমসমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় বরাদ্দ ছাড়করণের লক্ষ্যে বিল ভাউচারসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, সাম্প্রতিক বাজার স্থিতিশীল রাখতে বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত মোতাবেক দেশের ১কোটি পরিবারকে টিসিবি পণ্যের আওতায় আনার লক্ষ্যে সরকারের বিভিন্ন বিভাগ কাজ করছে। এসকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদের মাধ্যমে হতদরিদ্রদের তালিকা প্রস্তুত করা হয়েছে। তালিকা মোতাবেক টিসিবি পণ্য বিক্রয় ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, আসন্ন পবিত্র মাহে রমজান মাসে ৩৩৩ মানবিক সহায়তা উপজেলা পর্যায়ে বিতরণের উদ্যোগ গ্রহন করা হয়েছে। তিনি সভাকে | (ঘ) টিসিবি ও ৩৩৩ মানবিক সহায়তা কার্যক্রম সুষ্ঠূভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতার অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আরও জানান, নির্দেশনা মোতাবেক প্রত্যেকে দোকানদার তার দোকানের পণ্যের মূল্য চার্ট আকারে প্রদর্শন ও বিক্রয় রশিদ দিতে হবে। এসকল কার্যক্রম মনিটরিংয়ে ইউনিয়ন পর্যায়ে মনিটরিং টিম গঠন করতে হবে। | | |
| | | (ঙ) উপজেলা কৃষি অফিসার সভায় বলেন, প্রতিবারই বন্যায় এ উপজেলার অনেক ফসলসহ ঘরবাড়ি ও জানমালের ব্যাপক ক্ষতি হয়। পর্যাপ্ত খাল খনন ও উপযুক্ত স্থানে বাঁধ না থাকার কারণে এ ক্ষতির পরিমাণ বেশি হয়ে থাকে। তিনি জানান, ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক কয়েকটি ইউনিয়ন হতে সম্ভাব্য খাল খনন ও বাঁধ নির্মাণের প্রস্তাব পাওয়া গেছে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে বলেন, সকল ইউনিয়ন হতে প্রস্তাব পাওয়ার পর সরেজমিন উপযুক্ততা যাচাইপূর্বক তা উপজেলা পর্যায়ে পর্যালোচনা করে পরবর্তীতে সংশ্লিষ্ট বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। | (ঙ) ফসল ও জানমালের ক্ষতি হ্রাসকল্পে উপযুক্ত স্থানে বাঁধ নির্মাণ ও খাল খননের লক্ষ্যে দ্রুত তালিকা সংগ্রহ ও তা পর্যালোচনা পূর্বক প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান সকল ইউপি |
| | | (চ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক অত্র উপজেলায় ৩য় পর্যায়ে ভূমিহীন ও গৃহহীন ৩০০টি পরিবার পুনর্বাসনে গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও বলেন, টিআর ২য় পর্যায়ের কার্যক্রম দ্রুত বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ হতে তালিকা প্রেরণ করতে হবে। উপস্থিত চেয়ারম্যানগণ জানান, মুজিববর্ষে নির্মিত এসকল ঘরের মধ্যে অনেক ঘরে এখনো বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়নি। অনেক ঘরে আংশিক কাজ করে রাখা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে সভায় জানান, মুজিববর্ষে নির্মিত ঘরে বিদ্যুৎ সংযোগ ও মিটার স্থাপনে সংশ্লিষ্ট বিভাগকে পত্র দেয়া হয়েছে। | (চ) মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনে নির্মিত ঘরে বিদ্যুৎ সংযোগের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | (ছ) প্রশাসক, ১১মধ্য জাফলং ইউপি সভায় বলেন, বল্লাঘাট নৌকাঘাট প্রতি বছরই পূর্ব জাফলং হতে ইজারা দেয়া হলেও ইউনিয়ন বিভাজনের কারণে ঘাটের দুইপাড় দুই ইউনিয়নের পড়ায় এ নিয়ে উভয় ইউনিয়নের মধ্যে জটিলতা সৃষ্টি হওয়ায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সম্ভাবনা রয়েছে। নীতিমালা অনুযায়ী কোন ঘাট উভয় ইউনিয়নে পড়লে উপজেলা পরিষদ হতে ইজারা দেয়া যায়। চেয়ারম্যান, ১নং রুস্তমপুর ইউপি এ বিষয়ে বলেন, রুস্তমপুর ইউনিয়নে বিছনাকান্দি পর্যটন সংশ্লিষ্ট ৭টি নৌকাঘাট রয়েছে। এগুলি ইজারা নিয়ে প্রতি বছর অতিরিক্ত ভাড়া আদায়, পর্যটক হয়রানি নিয়ে এসকল ঘাটের মধ্যে প্রায়শই বিবাদ লেগে থাকে এবং আইন-শৃঙ্খলার অবনতি ঘটে। পর্যটন ঘাট হিসেবে এগুলি কেন্দ্রিয়ভাবে ইজারা প্রদান করা হলে অতিরিক্ত ভাড়া আদায় বন্ধ, পর্যটক হয়রানি বন্ধ ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা সম্ভব হবে মর্মে সভায় মত ব্যক্ত করেন। চেয়ারম্যান, ৬নং ফতেপুর সভায় বলেন, রাতারগুল পর্যটন কেন্দ্র সহ-ব্যবস্থাপনা কমিটি দীর্ঘদিন ধরে মেয়াদোত্তীর্ণ হওয়ায় এ পর্যটন কেন্দ্রের কোন উন্নয়ন পরিলক্ষিত হচ্ছেনা। তাছাড়া রাতারগুলে বনবিভাগের মাধ্যমে আদায়কৃত টোল রাতারগুলের কোন উন্নয়নে ব্যয় হচ্ছে কিনা তা জানা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে জানান, জাফলং বল্লাঘাট খেয়াঘাট উভয় ইউনিয়নে হওয়ায় জটিলতা নিরসনে এ খেয়াঘাট উপজেলা পরিষদের মাধ্যমে ইজারা প্রদান এবং জাফলং পর্যটন অভিমুখি পর্যটন ঘাট ও বিছনাকান্দি পর্যটন সংশ্লিষ্ট ঘাটসমূহ উপজেলা পর্যটন উন্নয়ন কমিটির মাধ্যমে ইজারা প্রদান করা যেতে পারে। তিনি সভাকে জানান, রাতারগুল পর্যটন কেন্দ্রের আদায়কৃত টোলের ৫০ভাগ নীতিমালা | (ছ-১) জাফলং বল্লাঘাট খেয়াঘাট উপজেলা পরিষদের মাধ্যমে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-২) পর্যটক হয়রানি বন্ধ, অতিরিক্ত ভাড়া আদায় বন্ধকরণে ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকরণে পর্যটন নৌকাঘাট/এলাকা ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-৩) রাতারগুল এলাকা সহ-ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন করে কমিটির কার্যক্রম সচল করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-৪) রাতারগুল পর্যটন কেন্দ্র হতে বনবিভাগের মাধ্যমে আদায়কৃত টোল বিধি মোতাবেক উক্ত পর্যটন কেন্দ্রের উন্নয়নের ব্যয় করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>রেঞ্জার সারি-১<br><br>রেঞ্জার সারি-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুযায়ী সহ-ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে রাতারগুল পর্যটনের উন্নয়নে ব্যয় হওয়ার নির্দেশনা রয়েছে।<br><br>(জ) চেয়ারম্যান, ১০নং পশ্চিম আলীরগাঁও ইউপি সভায় বলেন, উপজেলা পরিষদের মাসিক সভায় বিভিন্ন দপ্তরের কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয় এবং তদপ্রেক্ষিতে সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু অনেক দপ্তর/বিভাগের প্রধানগণ উপস্থিত না থেকে প্রতিনিধি প্রেরণ করে থাকেন ফলে উক্ত দপ্তরের বিষয়ে সঠিকভাবে আলোচনা করা ও সিদ্ধান্ত গ্রহন করা সম্ভব হয়না। তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, মাসিক সভায় বিভাগের প্রধানগণ যাতে উপস্থিত থাকেন তা নিশ্চিত করা জরুরী। | (জ) উপজেলা পরিষদের মাসিক সভায় দপ্তর/প্রতিষ্ঠানের প্রধানগণের উপস্থিতি নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| | | (ঝ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, স্বাধীনতার ৫০বছরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনে নির্দেশনা মোতাবেক মার্চ মাসব্যাপী উপজেলা প্রশাসন, গোয়াইনঘাট কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এসকল কর্মসূচির মধ্যে অধিকাংশ ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত হবে। মার্চ মাসব্যাপী গৃহীত এসকল কর্মসুচি সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপনে সকলের স্বতস্ফুর্ত অংশগ্রহন ও সহযোগিতা প্রয়োজন। উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধিগণ সভায় বলেন, ইউনিয়ন ও প্রতিষ্ঠান পর্যায়ে গৃহীত কর্মসুচি বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা প্রয়োজন। | (ঝ) স্বাধীনতার ৫০বছরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনে নির্দেশনা মোতাবেক মার্চ মাসব্যাপী উপজেলা প্রশাসন, গোয়াইনঘাট কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯.১৬৩ তারিখ : ১৬-০৩-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ....................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক.......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব..........................................................গোয়াইনঘাট, সিলেট।

(তাহমিলুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১